গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা : ২২৬/২০১৭-১৮

ঢাকা, সোমবার, ২১ মে ২০১৮, ৭ জ্যৈষ্ঠ ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। ওলামা, মুক্তিযোদ্ধা ও এতিমদের সঙ্গে ইফতার করেছেন রাষ্ট্রপতি

২। জঙ্গি দমনের পর লক্ষ্য এবার মাদক চক্র নির্মূল করা : প্রধানমন্ত্রী

৩। সংসদের বরাদ্দ বেড়েছে ১৭ কোটি ৬২ লাখ টাকা

সংসদ লাইব্রেরিতে বই বাড়াতে বললেন প্রধানমন্ত্রী

৪। মুক্তিযুদ্ধ'র চিত্রকর্ম আঁকলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা

৫। প্রধানমন্ত্রীর 'নির্বাচিত ১০০ ভাষণ' থাকবে সব সরকারি দপ্তরে

৬। ২০২১ সালে চামড়া খাতে রফতানি লক্ষ্যমাত্রা ৫ বিলিয়ন ডলার : অর্থমন্ত্রী

৭। ভেজালবিরোধী বিশেষ অভিযান জোরদারের নির্দেশ শিল্পমন্ত্রীর

৮। রোহিঙ্গা প্রত্যাবাসনে মিয়ানমারের ওপর চাপ সৃষ্টি করুন : কমনওয়েলথ নেতৃবৃন্দের প্রতি স্বাস্থ্যমন্ত্রী

৯। কারিগরি শিক্ষায় যুগান্তকারী পরিবর্তন হয়েছে : শিক্ষামন্ত্রী

১০। শ্রমিক কল্যাণ তহবিলে জমা ৩০০ কোটি টাকা : চেক হস্তান্তর অনুষ্ঠানে শ্রম প্রতিমন্ত্রী

১১। জাল নোট প্রতিরোধে এটিএমে টাকা ঢোকানোর আগে পরীক্ষা বাধ্যতামূলক

বাংলাদেশ ব্যাংকের প্রজ্ঞাপন

চলমান পাতা-২

**১।	ওলামা, মুক্তিযোদ্ধা ও এতিমদের সঙ্গে ইফতার করেছেন রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ গতকাল (২০ মে রোববার) আলেম-ওলামা, যুদ্ধাহত মুক্তিযোদ্ধা, বীরশ্রেষ্ঠদের পরিবারের সদস্য, এতিম এবং বঙ্গবভনের কর্মকর্তা-কর্মচারীদের সঙ্গে ইফতার করেছেন। ইফতারের আগে রাষ্ট্রপতি বঙ্গভবনের দরবার হলে অতিথিদের সঙ্গে শুভেচ্ছা বিনিমিয় করেন এবং তাদের খোঁজখবর নেন। এ ছাড়া অনুষ্ঠানে দেশের অব্যাহত শান্তি, অগ্রগতি ও সমৃদ্ধি কামনায় মোনাজাত করা হয়। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.১), **প্রথম আলো** (পৃ.২,ক.১), **ডেইলি সান** (পৃ.১৪,ক.৫), **নিউ নেশন** (পৃ.৩,ক.১)।

**২।	জঙ্গি দমনের পর লক্ষ্য এবার মাদক চক্র নির্মূল করা : প্রধানমন্ত্রী**

জঙ্গি দমনের পর এবার দেশ থেকে মাদক নির্মূলে কঠোর হওয়ার ঘোষণা দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেছেন, আমরা যেমন জঙ্গিবাদকে দমন করেছি, তেমনিভাবে আমরা অঙ্গীকার করেছি, এ মাদক থেকে দেশকে উদ্ধার করব। গতকাল (২০ মে রোববার) গণভবনে খুলনার নবনির্বাচিত মেয়র ও কাউন্সিলররা শুভেচ্ছা জানাতে এলে একথা বলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **যুগান্তর** (শেষ পৃ.,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

**৩।	সংসদের বরাদ্দ বেড়েছে ১৭ কোটি ৬২ লাখ টাকা**
সংসদ লাইব্রেরিতে বই বাড়াতে বললেন প্রধানমন্ত্রী

আগামী ২০১৮-১৯ অর্থবছরের জন্য ৩৩২ কোটি ৫৩ লাখ টাকার বাজেট বরাদ্দ অনুমোদন দিয়েছে সংসদ সচিবালয় কমিশন, যা চলতি ২০১৭-১৮ অর্থবছরের সংশোধিত বাজেটের চেয়ে ১৭ কোটি ৬২ লাখ টাকা বেশি। গতকাল (২০ মে রোববার) সংসদ ভবনে স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত সংসদ সচিবালয় কমিশনের বৈঠকে এ বরাদ্দ অনুমোদন দেয়া হয়। বৈঠকে সংসদ লাইব্রেরিতে বইয়ের সংখ্যা বাড়াতে পরামর্শ দিয়েছেন সংসদ নেতা শেখ হাসিনা। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.২,ক.৬), **ডেইলি স্টার** (পৃ.২,ক.১)।

**৪।	মুক্তিযুদ্ধ'র চিত্রকর্ম আঁকলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা**

প্রখ্যাত চিত্রশিল্পী শাহাবুদ্দিন আহমদের চিত্রকর্ম উদ্বোধন করতে গিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা শিল্পীর সঙ্গে যৌথভাবে একটি চিত্রকর্ম আঁকেন। চিত্রকর্মটির ক্যানভাসে শিল্পীর নাম লেখা রয়েছে 'শেখ হাসিনা'। চিত্রটি আঁকা শেষ হলে ক্যানভাসের ডানপাশে প্রধানমন্ত্রী নিজেই তাঁর নামটি লিখেন। উল্লেখ্য, প্রধানমন্ত্রী শেখ হাসিনার আঁকা এ চিত্রকর্মটি তাঁকেই উপহার দেওয়া হবে। চিত্রকর্মটির ক্যানভাস এখন শিল্পকলা একাডেমিতে রক্ষিত আছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **সংবাদ** (শেষ পৃ.,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৫,ক.৮), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.৭)।

**৫।	প্রধানমন্ত্রীর 'নির্বাচিত ১০০ ভাষণ' থাকবে সব সরকারি দপ্তরে**

প্রধানমন্ত্রীর শেখ হাসিনার নির্বাচিত ১০০টি ভাষণ নিয়ে প্রকাশিত একটি সংকলন রেফারেন্স বই হিসেবে সব সরকারি দপ্তরে রাখার অনুরোধ জানিয়েছে প্রধানমন্ত্রীর কার্যালয়। ২০১৪ থেকে ২০১৭ সালের অক্টোবর পর্যন্ত প্রধানমন্ত্রীর উল্লেখযোগ্য ভাষণ নিয়ে 'নির্বাচিত ১০০ ভাষণ' সংকলনটি প্রকাশ করা হয়েছে। প্রধানমন্ত্রীর কার্যালয়ের পরিচালক (প্রশাসন) মো. আহসান কিবরিয়া সিদ্দিকি স্বাক্ষরিত চিঠিতে সব মন্ত্রণালয়ের সচিব, বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকদের এ সংকলনটি সংগ্রহের জন্য বলা হয়। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৭), **যুগান্তর** (পৃ.২,ক.১)।

৬।	**২০২১ সালের চামড়া খাতে রফতানি লক্ষ্যমাত্রা ৫ বিলিয়ন ডলার : অর্থমন্ত্রী**

অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত গতকাল (২০ মে রোববার) তাঁর মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষে প্রাক-বাজেট আলোচনায় বলেন, চামড়া একটি উদীয়মান রফতানিমুখী শ্রমঘন খাত। বর্তমানে এ খাত রফতানি বাণিজ্যে দ্বিতীয় সর্বোচ্চ খাতে উন্নীত হয়েছে। জাতীয় অর্থনীতিতে এ খাতের অবদান অনেক। তিনি আরো বলেন ২০২১

সালের চামড়া খাতে রফতানি লক্ষ্যমাত্রা ৫ বিলিয়ন মার্কিন ডলার নির্ধারণ করা হয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.১৩, ক.২), **সংবাদ** (শেষ পৃ.,ক.৩), **প্রথম আলো** (পৃ.১৪,ক.১)।

৭। ভেজালবিরোধী বিশেষ অভিযান জোরদারের নির্দেশ শিল্পমন্ত্রীর

ভেজাল ও নিম্নমানের পণ্যের উৎপাদন ও বিপণন প্রতিরোধে বিএসটিআই'র চলমান বিশেষ অভিযান জোরদারের নির্দেশ দিয়েছেন শিল্পমন্ত্রী আমির হোসেন আমু। তিনি বলেন, কোনো অসাধু ব্যবসায়ী যাতে নিম্নমানের, ভেজাল, নকল ও অস্বাস্থ্যকর পণ্য কেনা-বেচার মাধ্যমে রমজানের পবিত্রতা বিনষ্ট করতে না পারে, সে ব্যাপারে সর্বোচ্চ সতর্ক থাকতে হবে। একইসাথে তিনি ওজন ও পরিমাপে কারচুপি প্রতিরোধে সর্বোচ্চ সাহস ও আন্তরিকতার সাথে বিএসটিআই এর কর্মকর্তা-কর্মচারীদের অর্পিত দায়িত্ব পালনের নির্দেশনা দেন। বিশ্ব মেট্রোলজি দিবস-২০১৮ উপলক্ষে বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন আয়োজিত এক আলোচনাসভায় প্রধান অতিথির বক্তব্যে শিল্পমন্ত্রী এ নির্দেশনা দেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **সমকাল** (পৃ.১২,ক.২), **ডেইলি সান** (পৃ.২,ক.৬), **এশিয়ান এজ** (পৃ.১১,ক.৪)।

৮। রোহিঙ্গা প্রত্যাবাসনে মিয়ানমারের ওপর চাপ সৃষ্টি করুন :
জেনেভায় কমনওয়েলথ স্বাস্থ্যমন্ত্রীদের প্রতি মোহাম্মদ নাসিম

স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী মোহাম্মদ নাসিম বাংলাদেশে আশ্রিত রোহিঙ্গাদের দ্রুত ফিরিয়ে নিতে মিয়ানমারের ওপর চাপ সৃষ্টি করতে কমনওয়েলথভুক্ত দেশগুলোর প্রতি আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশে আমরা রোহিঙ্গাদের আশ্রয় দিয়েছি। তাদের স্বাস্থ্যসেবাসহ সব ধরনের সুযোগ-সুবিধা দেওয়া হচ্ছে। কিন্তু তাদের বছরের পর বছর আশ্রয় দেওয়া সম্ভব নয়। মন্ত্রী কমনওয়েলথভুক্ত দেশগুলোর প্রতি রোহিঙ্গাদের নিজ দেশে দ্রুত ফিরিয়ে নিতে সে দেশের সরকারের ওপর চাপ সৃষ্টি করার আহ্বান জানান। গতকাল (২০ মে রোববার) সুইজারল্যান্ডের জেনেভায় কমনওয়েলথভুক্ত দেশগুলোর স্বাস্থ্যমন্ত্রীদের বৈঠকে এশিয়া অঞ্চলের দেশগুলোর পক্ষে দেওয়া বক্তব্যে তিনি এ আহ্বান জানান। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.৭), **সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **অবজারভার** (পৃ.৩,ক.১)।

৯। কারিগরি শিক্ষায় যুগান্তকারী পরিবর্তন হয়েছে : শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, সরকার কারিগরি শিক্ষায় প্রসারে ব্যাপক পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন করছে। গত ৯ বছরে কারিগরি শিক্ষায় যুগান্তরকারী পরিবর্তন হয়েছে। বর্তমানে মোট শিক্ষার্থীর শতকরা ১৪ ভাগের বেশি কারিগরি শিক্ষা গ্রহণ করছে। কারিগরি শিক্ষার প্রতি শিক্ষার্থী অভিভাবকদের আকৃষ্ট করা, মান উন্নত করা, শিক্ষকদের প্রশিক্ষণ এবং বিনিয়োগকারী ও শিল্প মালিকদের সম্পৃক্ত করাসহ বিভিন্ন ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। গতকাল (২০ মে রোববার) রাজধানীর কাকরাইলে ইনস্টিটিউশন অভ্ ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স মিলনায়তনে 'বিল্ড স্কিল বাংলাদেশ ফর ইমার্জিং বাংলাদেশ এজ ডেভেলপড নেশন' শীর্ষক গবেষণা গ্রন্থের মোড়ক উন্মোচন ও আলোচনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.১), **বণিক বার্তা** (পৃ.২,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

১০। শ্রমিক কল্যাণ তহবিলে জমা ৩০০ কোটি টাকা : চেক হস্তান্তর অনুষ্ঠানে শ্রম প্রতিমন্ত্রী

শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী মুজিবুল হক বলেছেন, ২২ কোটি টাকা বিতরণের পরও শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন তহবিলে এখন প্রায় ৩০০ কোটি টাকা আছে। প্রাতিষ্ঠানিক খাতের চেয়ে অপ্রাতিষ্ঠানিক খাতের শ্রমিকদের বেশি সহায়তা দেয়া হয়েছে। গতকাল (২০ মে রোববার) এক চেক হস্তান্তর অনুষ্ঠানে প্রতিমন্ত্রী এসব কথা বলেন। তিনি বলেন, কোন শ্রমিক কর্মস্থলে মারা গেলে শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন তহবিল থেকে ২ লাখ টাকা, শ্রমিকের সন্তান মেডিকেলে, প্রকৌশল বা কৃষি বিশ্ববিদ্যালয়ে লেখাপড়া করলে ৩ লাখ টাকা এবং পাবলিক বিশ্ববিদ্যালয়ে লেখাপড়া করলে ৫০ হাজার টাকা পর্যন্ত দেয়া হয়। তিনি জানান, বজ্রপাতে নিহত প্রতিটি কৃষক

পরিবারকে ফাউন্ডেশন তহবিল থেকে ২ লাখ টাকা করে দেয়ার সিদ্ধান্ত হয়েছে। সূত্র-**সংবাদ** (পৃ.১৪,ক.৬), **সমকাল** (পৃ.১৩,ক.১), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.১)।

১১। **জাল নোট প্রতিরোধে এটিএমে টাকা ঢোকানোর আগে পরীক্ষা বাধ্যতামূলক : বাংলাদেশ ব্যাংকের প্রজ্ঞাপন**

এটিএম মেশিনে টাকা ঢোকানোর আগে জাল নোট শনাক্তকারী মেশিনে পরীক্ষার বিষয়টি বাধ্যতামূলক করার নির্দেশ দিয়েছে বাংলাদেশ ব্যাংক। গ্রাহকের থেকে নোট নেওয়া ও দেওয়ার সময়ও প্রতিটি নোট পরীক্ষা করতে হবে। গতকাল (২০ মে রোববার) বাংলাদেশ ব্যাংক থেকে এ সংক্রান্ত একটি সার্কুলার ব্যাংকগুলোর প্রধান নির্বাহীদের কাছে পাঠানো হয়। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.৫), **প্রথম আলো** (পৃ.১৫,ক.৫)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** রাজধানীর বিভিন্ন আন্ডারপাস ও ফুটওভার ব্রিজে জনগণের চলাচল উপযোগী পরিবেশ সৃষ্টি ও নিরাপত্তামূলক ব্যবস্থা নেওয়ার ওপর গুরুত্বারোপ।

খ. **প্রথম আলো :** সেতুর সঙ্গে সংযোগ সড়ক সংস্কার না করায় ঢাকার নবাবগঞ্জ উপজেলার নয়নশ্রী ইউনিয়নের তুইতাল গ্রামসহ আশেপাশের ১০ গ্রামের মানুষকে দুর্ভোগ পোহাতে হচ্ছে উল্লেখ করে সারাদেশের এ ধরনের সংযোগ সড়কবিহীন সেতুর সংস্কারে দ্রুত উদ্যোগ নেওয়ার সুপারিশ।

গ. **যায়যায়দিন :** কৃষিপণ্যে ক্ষতিকর ব্যাকটেরিয়ার উপস্থিতি, অ্যাক্রেডিটেশন ল্যাবরেটরি না থাকা, মানসম্মত বীজের অভাবসহ নানা কারণে কৃষিপণ্যের রপ্তানি সেভাবে বাড়ছে না উল্লেখ করে দেশের চাহিদা পূরণ করে রপ্তানি আয় বাড়াতে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার প্রত্যাশা ব্যক্ত।

ঘ. **ভোরের কাগজ :** সরকারের হাইকমান্ডের নির্দেশে দেশব্যাপী মাদক নির্মূলে যে অভিযান শুরু হয়েছে তার সফলতা কামনা।

ঙ. **সমকাল, যায়যায়দিন, ইনকিলাব :** বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের দুর্ঘটনা গবেষণা ইন্সটিটিউটের গবেষণায় রাজধানীতে যানজটের কারণে বছরে ক্ষতি হয় ৩৭ হাজার কোটি টাকা এ তথ্যে উদ্বেগ প্রকাশ করে যানজট নিরসনে যথোপযুক্ত ব্যবস্থা নেওয়ার ওপর গুরুত্বারোপ।

চ. **ইন্ডিপেনডেন্ট :** বর্ষা মৌসুমে চট্টগ্রামে ভূমিধসে হতাহত ও ক্ষয়ক্ষতি কমাতে পাহাড়ে বসবাসরত লোকদের নিরাপদ স্থানে সরিয়ে নিয়ে স্বল্পখরচে বসবাসের সুযোগ করে দিতে স্থানীয় উদ্যোক্তাদের এগিয়ে আসার আহ্বান।

ছ. **ডেইলি সান :** আফ্রিকায় কন্ট্রাক্ট ফার্মিং এর মাধ্যমে শস্য ও সবজি উৎপাদনের সুযোগ কাজে লাগাতে বাংলাদেশি ব্যবসায়ীদের আফ্রিকায় ভ্রমণের সিদ্ধান্তের সাফল্য কামনা।

জ. **ডেইলি স্টার :** ঢাকা-চট্টগ্রাম মহাসড়কসহ দেশের বিভিন্ন সড়ক-মহাসড়কে নানা ঘটনায় সড়ক অবরোধে জনদুর্ভোগের বিষয় তুলে ধরে সরকারকে তা প্রতিহতে যথাযথ পদক্ষেপ গ্রহণের সুপারিশ।

ঝ. **অবজারভার :** অবৈধপথে দেশে মোবাইল ফোন আসায় প্রতিবছর ৮০০ কোটি টাকার রাজস্ব থেকে দেশ বঞ্চিত হওয়ার পরিপ্রেক্ষিতে কাস্টমস কর্তৃপক্ষকে বিমানবন্দর ও স্থলবন্দরের প্রবেশ পথে নজরদারি বাড়ানোর আহ্বান।

ঞ. **নিউ এজ :** আসন্ন বাজেটে শিক্ষাখাতে সরকারি বরাদ্দ বাড়ানোর ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ।

উপসম্পাদকীয়

বণিকবার্তা পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোর অনিয়ম, দুর্নীতি ও আর্থিক অব্যবস্থাপনা রোধ হলে শিক্ষার সার্বিক পরিবেশ আরো উন্নত হবে।

নিবন্ধ ও ফিচার

সংবাদ পত্রিকায় প্রকাশিত **'সুস্থ জাতি গঠনের জন্য প্রয়োজন পরিকল্পিত পরিবার'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, মা ও শিশুর স্বাস্থ্য সুরক্ষা, মাতৃমৃত্যু ও শিশুমৃত্যুর হার হ্রাস এবং শিশুর যথাযথ শারীরিক ও মানসিক বিকাশের পথ সুগম করতে পরিকল্পিত পরিবার গঠনের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

#

ডালিয়া/খাদীজা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৮/৯.০০ঘন্টা